



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২৯/১, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

ফোনঃ ৮১৮১৬২১, ফ্যাক্সঃ ৮১৮১৬২৯, ওয়েবঃ www.ugc.gov.bd

স্মারক নং : ইউজিসি/বোবি/৬১৬(২)/২০১১/৭৩৯১

তারিখ : ০২ অক্টোবর ১৪২২ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

রেজিস্ট্রার
ফার্স্ট ফ্লাইট ইন্সটিটিউট অব বাংলাদেশ
শাহনজ মানশন, পৌর কলেজপাড়া, চুয়াডাঙ্গা।

বিষয় : Bachelor of Public Health (BPH) প্রোগ্রাম অনুমোদন প্রসঙ্গে।


জনাব,

আপনাদের বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত Bachelor of Public Health (BPH) প্রোগ্রামটি নিম্নোক্ত শর্তে কমিশন কর্তৃপক্ষ অনুমোদন প্রদান করেছেন:

১. ক্রেডিট (১৪০ ক্রেডিট) সহ সিলেবাসে মৌলিক বা গুরুত্বপূর্ণ কোন পরিবর্তনের প্রয়োজন হলে কমিশন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে।
২. প্রোগ্রামটি শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের (শাহনজ মানশন, পৌর কলেজপাড়া, চুয়াডাঙ্গা) ঠিকানায় অবস্থিত ক্যাম্পাসে পরিচালনা করা যাবে অন্য কোন ক্যাম্পাসে নয়।
৩. প্রোগ্রামটি ডিস্ট্যান্স মার্শিং 'mode' এ পরিচালনা করা যাবে না।
৪. কমিশন কর্তৃক অনুমোদিত স্নাতক পর্যায়ের কোন প্রোগ্রাম/কোর্সে কোন ছাত্র-ছাত্রীকে ভর্তি করার জন্য এইচ.এস.সি/এ-লেভেল বা সমমানের পরীক্ষায় পাশ থাকতে হবে। O-Level পাশ করা শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ে ভর্তি করা যাবে না। এস. এস. সি এবং এইচ.এস.সি বা সমমানের পাবলিক পরীক্ষায় প্রতিটি পর্যায়ে অবশ্যই ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ-২.৫ থাকতে হবে। কোন একটি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০ থাকলে দুটি পরীক্ষায় মোট জিপিএ অন্যান্য ৬.০০ থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য দুটি পরীক্ষায় মোট জিপিএ ৫.০০ থাকলে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।
৫. O-Level পরীক্ষায় ন্যূনতম ৫টি বিষয় (Subject) এবং A-Level পরীক্ষায় ন্যূনতম ২টি বিষয় (Subject) অবশ্যই থাকতে হবে। উক্ত দুটি পরীক্ষায় অন্যান্য সাতটি বিষয়ের মধ্যে চারটিতে বি গ্রেড বা জিপিএ ৪.০ এবং বাকি তিনটিতে সি গ্রেড বা জিপিএ ৩.৫ অবশ্যই থাকতে হবে। GED পরীক্ষায় প্রতিটি কোর্সে অর্থাৎ ৫টি কোর্সেই পৃথকভাবে ১০০ নম্বরের মধ্যে ৪১০ এবং গড়ে ৪৫০ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী বেসরকারি বিশ্ববিদ্যালয়ে স্নাতক পর্যায়ে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।
৬. বিদ্যমান সুযোগ সুবিধায় এই প্রোগ্রামটিতে প্রতি সেমিস্টারে সর্বোচ্চ ৩০ জন শিক্ষার্থী ভর্তি করা যাবে। যে কোন কোর্সে ভর্তির সময় প্রত্যেক ছাত্র-ছাত্রীকে একটি রেজিস্ট্রেশন নাম্বার প্রদান করতে হবে এবং কোর্স সম্পন্ন না হওয়া পর্যন্ত উক্ত রেজিস্ট্রেশন নাম্বার বহাল থাকবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র ও মার্কশীটে উক্ত রেজিস্ট্রেশন নাম্বার উল্লেখ থাকতে হবে।
৭. কোন প্রোগ্রাম/কোর্স পরিচালনার জন্য কমিশনের শিক্ষক নিয়োগ নীতিমালা অনুযায়ী একজন অধ্যাপক/সহযোগী অধ্যাপকসহ ন্যূনতম ০৪ (চার) জন পূর্ণকালীন শিক্ষক থাকতে হবে। উল্লেখ্য, এডভাইজার পদধারী কোন ব্যক্তির দ্বারা কোন প্রোগ্রাম/কোর্স পরিচালনা করার সুযোগ নেই।
৮. বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত তালিকা অনুযায়ী অনুমোদিত শিক্ষক নিয়োগের পর নিয়োগকৃত কোন শিক্ষক পরিবর্তনের প্রয়োজন হলে পুনরায় কমিশনের অনুমোদন নিতে হবে। কোন কারণে বর্ষিত বিষয়ের ন্যূনতম শিক্ষক সংখ্যায় (একজন অধ্যাপক/সহযোগী অধ্যাপকসহ কমপক্ষে ০৪ জন পূর্ণকালীন শিক্ষক) ঘটিতে দেখা দিলে প্রয়োজনীয় ন্যূনতম সংখ্যক শিক্ষক তিন মাসের মধ্যে পুনরনিয়োগ দিয়ে কমিশনকে অবহিত করতে হবে।
৯. বর্ষিত কোর্সে পাঠদানের জন্য বিদেশী শিক্ষক নিয়োগ করার প্রয়োজন হলে কমিশনের অনুমোদন/সুপারিশ গ্রহণপূর্বক সরকারের নির্দিষ্ট বিভাগ/দপ্তর থেকে ওয়ার্ক পারমিট সংগ্রহ করে কমিশন অফিসে জমা দিতে হবে।
১০. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত অভিন্ন গেজিট পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।
১১. বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে এই প্রোগ্রামের উপযোগী যথেষ্ট সংখ্যক আধুনিক ও উন্নতমানের রেফারেন্স বই ও জার্নাল সংগ্রহ করতে হবে এবং ই-লাইব্রেরি সুবিধা চালু করতে হবে।
১২. এই প্রোগ্রামটি পত্র জারীর তারিখ থেকে অনুমোদিত বলে গণ্য হবে। তবে প্রোগ্রামের সিলেবাসটি পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য অনুমোদিত বলে বিবেচিত হবে। উল্লেখিত সময়ের পর সিলেবাস আপডেট করে পুনরায় কমিশনের অনুমোদন গ্রহণ করতে হবে।
১৩. প্রোগ্রাম অনুমোদনের পরাতি ভর্তিচ্ছু শিক্ষার্থীদের দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শন এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

প্রোগ্রামটি পরিচালনার উদ্দেশ্যে উপরোক্ত শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ এবং যথাযথভাবে প্রতিপাদন নিশ্চিতকরণপূর্বক কমিশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,


16.11.15

জেসমিন পারভীন
উপ-পরিচালক
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি।
ফোন : ৮১৮১৫৮৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

১. পরিচালক, আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা (ওয়েবসাইটে তথ্য update করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত-সচিব, ইউজিসি, ঢাকা।
৩. ম্যোরাঙ্কেজ হোসেন সরকার, প্রশাসনিক কর্মকর্তা, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি।
৫. সংশ্লিষ্ট নথি/নথি - ৩৮৭/০১।

স্ব-স্বাক্ষর : বিঃ গার্ট ফাইল/মহানথি।


16/11/15